

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫০২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৯৭৮]

৩৬। কুরবানী (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ৮. আল্লাহ ব্যতীত অন্য কোন কিছুর নামে যাবাহ করা হারাম হওয়া প্রসঙ্গে

بَاب تَحْرِيمِ الذَّبْحِ لِغَيْرِ اللَّهِ تَعَالَى وَلَعْنِ فَاعِلِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَّنَّى، وَمُحَمَّدُ بْنُ بَشَّارٍ، - وَاللَّفْظُ لِابْنِ الْمُتَّنَّى - قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، قَالَ سَمِعْتُ الْقَاسِمَ بْنَ أَبِي بَزَّةَ، يُحَدِّثُ عَنْ أَبِي الطُّفَيْلِ، قَالَ سُئِلَ عَلَيْهِ أَخْصَكُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَيْءٍ فَقَالَ مَا خَصَّنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَيْءٍ لَمْ يَعْمَلْ بِهِ النَّاسُ كَافَةً إِلَّا مَا كَانَ فِي قِرَابِ سَيْفِي هَذَا - قَالَ - فَأَخْرَجَ صَحِيفَةً مَكْتُوبَ فِيهَا "لَعْنَ اللَّهِ مَنْ ذَبَحَ لِغَيْرِ اللَّهِ وَلَعْنَ اللَّهِ مَنْ سَرَقَ مَنَارَ الْأَرْضِ وَلَعْنَ اللَّهِ مَنْ لَعَنَ وَالدَّهُ وَلَعْنَ اللَّهِ مَنْ آوَى مُحْدِثًا" .

বাংলা

৫০২০-(৪৫/...) মুহাম্মাদ ইবনুল মুসান্না ও মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) আবু তুফায়ল (রাযঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আলী (রাযঃ)-কে প্রশ্ন করা হলো, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি আপনাদের নিকট বিশেষভাবে কিছু বলে গেছেন। তিনি বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বসাধারণের কাছে প্রকাশ করেননি এমন কোন ব্যাপারে আমাদেরকে বিশেষভাবে কিছু বলে যাননি, তবে একমাত্র আমার তলোয়ারের এ খাপটিতে যা আছে তা ব্যতীত। রাবী বলেন, তারপর তিনি তার তরাবিরির খাপ থেকে একটি সহীফাহ (লিখিত কাগজ) বের করলেন, যাতে লেখা ছিল 'আল্লাহ অভিসম্পাত করেন সে ব্যক্তিকে, যে আল্লাহ ব্যতীত অন্য কারে নামে যাবাহ করে, আল্লাহ অভিসম্পাত করেন সে লোককে, যে জমিনের সীমানা চিহ্নসমূহ চুরি করে, আল্লাহ অভিসম্পাত করেন সে ব্যক্তিকে, যে তার পিতাকে অভিসম্পাত করে। আল্লাহ অভিসম্পাত করেন সে ব্যক্তিকে, যে কোন বিদ'আতীকে আশ্রয় দেয়।' (ইসলামিক ফাউন্ডেশন ৫ম খণ্ড-৪৯৬৪, ইসলামিক সেন্টার ৪৯৭০)

English

Abu Tufail reported:

'Ali was asked whether Allah's Messenger (ﷺ) had showed special favour (by

disclosing to him) a thing (which he kept secret from others). Thereupon he said: Allah's Messenger (ﷺ) singled us not for (disclosing to us) anything (secret) which he did not make public, (but those few things) which lie in the sheath of my sword. He drew out the written document contained in it and on that (it was mentioned): Allah cursed him who sacrificed for anyone else besides Allah; and Allah cursed him who stole the signposts (demarcating the boundary lines of the) land; and Allah cursed him who cursed his father; and Allah cursed him who accommodated an innovator (in religion).

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবুত্ত তুফায়ল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=52104>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন